

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৩৮

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وشطره الأول (صَحِيحٌ)

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ أَنْزَلَ الدَّاءَ وَاعَنْ أَبِي الدَّوَاءَ وَجَعَلَ لِكُلِّ دَاءٍ دَوَاءً فَتَدَاوُوا وَلَا تداوَوْا بحرامِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৫৩৮-[২৫] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা রোগ নাযিল করেছেন এবং প্রতিষেধকও। আর প্রত্যেক রোগের ঔষধও নির্ধারিত করেছেন। সুতরাং তোমরা ঔষধ ব্যবহার করো, কিন্তু হারাম বস্তু দ্বারা ঔষধ সেবন করবে না। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৩৮৭৪।

হাদীসটির প্রথম অংশ (اَنْوَلَ الدَّاءَ وَالدَّوَا الدَّاءَ وَالدَّوَا الدَّوَا الدَّوَا أَنْوَلَ الدَّاءَ وَالدَّوَا الدَّوَا وَالدَّوَا الدَّوَا الدَّوَا وَالدَّوَا الدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالدَّوَا وَالْ تداوَوْا بحرامِ অলবানী পরবর্তীতে এ হাদীসটিকে সহীহ বলেছেন। দেখুন- সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৩৩। প্রথমে আলবানী (রহিমাহুল্লাহ) বলেছেন, (فَتَدَاوُوا وَلَا تداوَوْا بحرامِ) এই অংশটুকু য'ঈফ আর প্রথম অংশটুকু সহীহ : তাখরীজ মিশকাত ৪৫৩৮। পরবর্তীতে আলবানী সম্পূর্ণ হাদীসকে সহীহ বলেছেন। দেখুন- সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৩৩, তারাজুউল আলবানী হাঃ ২৮৬, পৃঃ ১৮৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ''হারাম বস্তু দ্বারা ঔষধ সেবন করবে না"।



ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ) বলেন, এ অনুচ্ছেদে উল্লেখিত হাদীস এবং অপবিত্র ঔষধ ব্যবহার করার নিষিদ্ধ হাদীস দ্বারা প্রমাণিত যে, হারাম ঔষধ দ্বারা চিকিৎসা নেয়া যাবে না। কিন্তু এ হাদীসদ্বয়ের সাথে দন্দ্ব বাধে 'উরায়নাহ্ গোত্রের হাদীসের। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ গোত্রের কিছু লোককে উটের পেশাব পান করতে নির্দেশ দিয়েছিলেন। তবে এ দ্বন্দের নিরসন করা যায় তা এভাবে যে, নিষ্প্রয়োজনে বা নিরুপায অবস্থার সম্মুখীন হতে না হয় তাহলে হারাম বা অপবিত্র ঔষধ ব্যবহার করা যাবে না। যেমন হারাম হারাম উভয় প্রকার ঔষধ পাওয়া যায় এমন ক্ষেত্রে হারাম বা অপবিত্র ঔষধ ব্যবহার করা যাবে না। আর হারাম বা অপবিত্র ঔষধের বিকল্প না থাকে; তাহলে সে ঔষধ ব্যবহার করা যায়। তবে 'আল্লামা শাওকানী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ সমাধানটিকে না বুঝে দেয়া হয়েছে। তাতে কোন গোপনীয়তা নেই। কেননা বিতর্কিত উটের পেশাব হারাম বা অপবিত্রের সাথে সম্পর্কিত হয়। তবে যদি মেনে নেয়া হয়, তাহলে 'আম, (যেমন- হারাম দ্বারা চিকিৎসা নেয়া) আর খাসের মধ্যে (যেমন- উটের পেশাব দ্বারা ঔষধ ব্যবহার করা)। একত্রিকরণ বা সমাধান করা ওয়াজিব হয়ে পড়বে। আর তা এভাবে যে, সকল প্রকার হারাম দ্বারা চিকিৎসা গ্রহণ করা হারাম শুধু উটের পেশাব ব্যতীত।

শারহুস্ সুরাহ্ গ্রন্থে ইবনু রসলান (রহিমাহুল্লাহ) বলেনঃ শাফি'ঈ মাযহাবের সঠিক সিদ্ধান্ত হলো নেশাদার দ্রব্য ছাড়া সকল প্রকারের পবিত্রতা দ্বারা ঔষধ গ্রহণ করা জায়িয়। এর দলীল হলো বুখারী মুসলিমে বর্ণিত 'উরায়নাহবাসীদের হাদীস। কেননা রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে ঔষধ হিসেবে উটের পেশাব পান করার নির্দেশ দিয়েছিলেন। ('আওনুল মা'বুদ ৭ম খন্ড, হাঃ ৩৮৬৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন